



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.০২.০০১.২০.১০০

তারিখ: ১২ ফাল্গুন ১৪২৬

২৫ ফেব্রুয়ারি ২০২০

বিষয়: বকেয়া বেতন ভাতা প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রংপুর জেলার লালকুঠি বালিকা উচ্চ বিদ্যালয় ও মহাবিদ্যালয়ের বেগম শামছে আরা আখতার, প্রভাষক(পৌরনীতি) এর সাময়িক বরখাস্তকালীন সময়ের বকেয়া বেতন ভাতার জন্য আবেদন করেন। প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত রেকর্ডপত্রে দেখা যায় বেগম শামছে আরা আখতার গত ২০১৬ হতে ২০১৮ পর্যন্ত প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ কারণে সাময়িক বরখাস্ত ছিলেন। সাময়িক বরখাস্তকালীন সময় জানুয়ারী' ২০১৬ হতে জুন' ২০১৮ পর্যন্ত সময়ের ৮,২৭,৭৮০/- টাকার বকেয়া বেতন ভাতার জন্য কলেজের অধ্যক্ষ আবেদন করেন।

জনবল কাঠামো ও এমপিও নীতিমালা -২০১৮ এর ১৮.৫ ধারা অনুযায়ী প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী ও ব্যবস্থাপনা কমিটির মধ্যকার অভ্যন্তরীণ বিরোধের কারণে বা তাদের মধ্যে সৃষ্ট মামলার কারণে বেতন ভাতাদির সরকারি অংশ উত্তোলন সম্ভব না হলে পরবর্তীতে বকেয়া হিসাবে তা এম.পি.ও খাত থেকে উত্তোলন করা যাবে না। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান আর্থিক দায়-দায়িত্ব বহন করবে।

এমতাবস্থায়, জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১৮.৫ ধারা অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৫-২-২০২০

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক

অধ্যক্ষ, লালকুঠি বালিকা উচ্চ বিদ্যালয় ও মহাবিদ্যালয়,
রংপুর সদর, রংপুর।

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.০২.০০১.২০.১০০/১(২)

তারিখ: ১২ ফাল্গুন ১৪২৬

২৫ ফেব্রুয়ারি ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সভাপতি, গভর্নিং বডি, লালকুঠি বালিকা উচ্চ বিদ্যালয় ও মহাবিদ্যালয়, সদর, রংপুর

২) জনাব.....

২৫-২-২০২০

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক